



নওগাঁ বিশ্ববিদ্যালয়

NAOGAON UNIVERSITY

বাইপাস সড়ক, বরনকান্দি মোড়, নওগাঁ-৬৫০০

সূত্র নং-

ন:বি:/০৫/২০২৬/১১১/৫০৪

তারিখ: ০৬ জুন ২০২৬

নওগাঁ বিশ্ববিদ্যালয়ে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক শ্রেণীতে শিক্ষার্থীদের ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের সমন্বিত ভর্তি পরীক্ষায় যে সকল শিক্ষার্থী পছন্দক্রম ও মেধাক্রম অনুসারে A, B এবং C ইউনিটে বিভাগ প্রাপ্ত হয়েছে, সে সকল শিক্ষার্থীদের আগামী ০৭ জুন ২০২৬ তারিখ হতে ১১ জুন ২০২৬ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে প্রাথমিক ভর্তি নিশ্চয়ন নিম্নোক্ত নির্দেশনা ও সময়সূচী অনুযায়ী সম্পন্ন করতে হবে।

১. GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের সমন্বিত ভর্তি পরীক্ষায় প্রকাশিত বিজ্ঞপ্তি অনুযায়ী শিক্ষার্থীদের প্রাথমিক ভর্তি প্রক্রিয়া আগামী ০৭ জুন ২০২৬ তারিখ দুপুর ১২.০০ টা হতে ১০ জুন ২০২৬ তারিখ রাত ১১.৫৯ টার মধ্যে GST ওয়েবসাইট (<https://gstadmission.ac.bd>)- এর মাধ্যমে সম্পন্ন করতে হবে।
২. এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষার মূল নম্বরপত্রসমূহ ও প্রাথমিক ভর্তি ফি ৫০০০/- (পাঁচ হাজার) টাকা জমাদানের রশিদসহ (একটি A4 সাইজ খামে ভরে খামের উপর আবেদনকারীর নামসহ GST রোল নম্বর লিখে খামসহ) নিম্নবর্ণিত তারিখ, সময় ও স্থানে শৃঙ্খলা বজায় রেখে সশরীরে উপস্থিত হয়ে জমা দিতে হবে।

ইউনিট	তারিখ ও সময়	জমাদানের স্থান
A	০৮ জুন ২০২৬ - ১১ জুন ২০২৬ সকাল ১০:০০ টা হতে বিকাল ৩:০০ টা	রেজিস্ট্রার অফিস (৩য় তলা) রুম নং-৩১০ নওগাঁ বিশ্ববিদ্যালয়
B	০৮ জুন ২০২৬ - ১১ জুন ২০২৬ সকাল ১০:০০ টা হতে বিকাল ৩:০০ টা	
C	০৮ জুন ২০২৬ - ১১ জুন ২০২৬ সকাল ১০:০০ টা হতে বিকাল ৩:০০ টা	

৩. প্রয়োজনীয় কাগজপত্র জমাদানের পর দায়িত্বরত সংশ্লিষ্ট ইউনিট সমন্বয়কারীর স্বাক্ষর ও সিলসহ একনলেজমেন্ট স্লিপ/জমাদানের রশিদ বুঝে নিতে হবে। এই রশিদটি পরবর্তীতে মূল নম্বরপত্রসমূহ উঠানোর সময় সঙ্গে আনতে হবে।



ড. মো. আলাউদ্দিন

রেজিস্ট্রার

নওগাঁ বিশ্ববিদ্যালয়।